

## জলবায়ু অভিবাসনের যুগে প্রবেশ করল বিশ্ব

- A Monitor Desk Report

Date: 02 September, 2023



ঢাকা : ‘জলবায়ু অভিবাসনের যুগে’ প্রবেশ করেছে বিশ্ব। আন্তর্জাতিক অভিবাসন সংস্থা আইএমও এই মন্তব্য করেছে।

সংস্থাটির মহাপরিচালক অ্যামি পোপ এই সমস্যার জরুরি সমাধানের আহ্বান জানিয়েছেন। ১ সেপ্টেম্বর এক বিবৃতিতে এই কথা বলেন অ্যামি।

চলতি সেপ্টেম্বরের ৪-৬ তারিখে নাইরোবিতে অনুষ্ঠিত হবে আফ্রিকা জলবায়ু শীর্ষ সম্মেলন। ওই আয়োজনকে কেন্দ্র করে তিনি এ বিবৃতি দেন।

সম্মেলনে আফ্রিকার বিভিন্ন অঞ্চলের রাষ্ট্রপ্রধান, মন্ত্রী ও জতিসংঘের উর্ধতন কর্মকর্তাসহ বিভিন্ন উন্নয়ন সংস্থার প্রতিনিধিরা যোগ দেবেন।

সংশ্লিষ্ট কর্মকর্তারা বলছেন, জলবায়ু পরিবর্তনে আফ্রিকার দেশগুলো সবচেয়ে ঝুঁকির মধ্য দিয়ে যাচ্ছে। সাম্প্রতিক খরা, বন্যা, দাবদাহ, সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধিসহ নানান দুর্ভোগে পড়েছে পুরো মহাদেশের মানুষ।

জেনেভা-ভিত্তিক ইন্টারনাল ডিসপ্লেসমেন্ট মনিটরিং সেন্টারের প্রতিবেদন অনুযায়ী, ২০২২ সালে আফ্রিকা মহাদেশে প্রায় ৭৫ লাখ মানুষ বিভিন্ন প্রাকৃতিক বিপর্যয়ের সম্মুখীন হয়েছে।

বিশ্ব ব্যাংকের ২০২১ সালের এক প্রতিবেদনে বলা হয়, ২০২৩ সালের মধ্যে আফ্রিকার ১০ কোটি ৫০ লাখ মানুষ অভিবাসী হওয়ার আশঙ্কা রয়েছে।

আরও পড়ুন: [বাংলাদেশ-জাপান রুটে পাখা মেললো বিমান](#)

আগামী ডিসেম্বরে সংযুক্ত আরব আমিরাতেরে অনুষ্ঠিত হতে যাচ্ছে কনফারেন্স অব পার্টিস বা কপ২৮। এর আগেই আফ্রিকায় শীর্ষ সম্মেলন হচ্ছে। সেখানে জলবায়ু পরিবর্তনের প্রভাব নিয়ে নেতারা ঐক্যমতে পৌঁছাতে পারেন।

অ্যামি পোপ গত মে মাসে আইওএম-এর মহাপরিচালক হিসেবে নির্বাচিত হন। আগামী অক্টোবর থেকে পাঁচ বছরের জন্য এ সংস্থার নেতৃত্ব দেবেন তিনি। এর আগে ২০২১ সালে অভিবাসন বিষয়ে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের সিনিয়র উপদেষ্টার দায়িত্ব পালন করেন অ্যামি।

-B